

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখা  
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০০.২৫.০০৪.২৪.১৭৮

তারিখ: ১৫ কার্তিক ১৪৩১

৩১ অক্টোবর ২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়: ন্যাশনাল ডিফেন্স কোর্স, ২০২৫ এ অংশগ্রহণের জন্য কর্মকর্তা মনোনয়ন।

ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর, ঢাকায় আগামী ১২ জানুয়ারি, ২০২৫ তারিখ হতে ০৪ ডিসেম্বর ২০২৫ তারিখ মেয়াদে অনুষ্ঠেয় “ন্যাশনাল ডিফেন্স কোর্স, ২০২৫”-এ অংশগ্রহণে আগ্রহী জনপ্রশাসন মন্ত্রণালয় সংশ্লিষ্ট বিসিএস ক্যাডারভুক্ত সরকারের যুগ্মসচিব ও সমপর্যায়ের কর্মকর্তাগণের (৩য় গ্রেড) নিকট হতে নিম্নবর্ণিত শর্তে আবেদন আহ্বান করা যাচ্ছে। সংযুক্ত ছক (আবেদনের নির্ধারিত ছক) মোতাবেক ০৩ (তিন) কপি রঙিন ছবিসহ ০৩ (তিন) সেট আবেদন যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৪/১১/২০২৪ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১ শাখায় (সফট কপি [it1@mopa.gov.bd](mailto:it1@mopa.gov.bd)-এ ই-মেইল ঠিকানায়) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- (ক) আগ্রহী কর্মকর্তাগণের বয়স ১ লা জানুয়ারি, ২০২৫ তারিখ অনূর্ধ্ব ৫৬ বছর হতে হবে;
- (খ) আবেদনপত্র ছকের নির্ধারিত স্থানে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন/সুপারিশ অবশ্যই থাকতে হবে;
- (গ) কোর্সে অংশগ্রহণেচ্ছুক আবেদনকারী কর্মকর্তাগণের ইংরেজি ভাষায় দক্ষতা থাকতে হবে;
- (ঘ) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভাপতিত্বে গঠিত কমিটির মাধ্যমে আবেদনকারী কর্মকর্তাগণের সাক্ষাৎকার গ্রহণপূর্বক মনোনীত কর্মকর্তাগণের তালিকা চূড়ান্ত করা হবে;
- (ঙ) সফলভাবে এনডিসি সমাপনান্তে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে পদায়নে আগ্রহী কর্মকর্তাদের মনোনয়ন প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

সংযুক্তি: ০১ (এক) পাতা



৩১-১০-২০২৪

মোঃ মিনহাজুর রহমান

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ৯৫১৫৫২৫

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সিনিয়র সচিব/সচিব (সকল) (অধিনস্থ যুগ্মসচিব ও সমমর্যাদার কর্মকর্তাগণকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।)
- ২) অতিরিক্ত সচিব (সকল), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৩) যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব), অভ্যন্তরীণ এবং বিদেশ প্রশিক্ষণ অধিশাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৪) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬) অফিস কপি, মাস্টার ফাইল।